দৈনিক ইত্তেফাক

16

তারিখ ... 15 JAN 199[illegible]
পৃষ্ঠা ... ৮ ... কলাম ...



গতকাল ভর্তি পরীক্ষা চলাকালে মতিঝিল আইডিয়াল হাইস্কুলের সামনে অপেক্ষমাণ উদ্বিগ্ন অভিভাবকগণ। ইনসেটে পরীক্ষাদানরত একটি শিশু —ইত্তেফাক

## সরকারী স্কুলে আসন ৩২৯০–প্রার্থী ১৪১৪৮

# ঠাঁই নাই ঠাঁই নাই : হাজার হাজার অভিভাবকের উদ্বেগ

(ইত্তেফাক রিপোর্ট)

গতকাল (রবিবার) রাজধানীর সরকারী স্কুলগুলিতে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। প্রতিবারের মত এইবারও নামী-দামী স্কুলগুলিতে ভর্তি প্রার্থীর ভিড় ছিল অস্বাভাবিক। মতিঝিলের আইডিয়েল স্কুলের সামনে অভিভাবকদের ভিড় সামাল দিতে পুলিশের সাহায্য নিতে হয়। অন্যদিকে লক্ষ্মীবাজার মুসলিম হাইস্কুলে তেমন ভিড় ছিল না বলিলেই চলে। এই বছর নূতন নিয়মে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হইয়াছে। প্রসঙ্গতঃ বলা যায় যে, আগের দিন শনিবার বেসরকারী স্কুলসমূহে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। গতকাল সরকারী স্কুলে ভর্তি পরীক্ষার দিনে কয়েকটি স্কুলে বিশেষ করিয়া নীচের ক্লাসের ছেলেমেয়েদের ভর্তির বিষয় নিয়া অভিভাবক মহলকে উদ্বেগ-উৎকণ্ঠার মধ্যে থাকিতে দেখা যায়। তবে সরকারী প্রাথমিক বিদ্যালয়গুলিতে ভর্তি প্রার্থীর সংখ্যা একেবারে কম ছিল। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা পরিদপ্তরের নূতন ব্যবস্থাধীনে নগরীর ২৬টি সরকারী বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের খালি আসন পূরণের জন্য এ বছর একই দিনে ৬টি এলাকা ভিত্তিক ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হইয়াছে। গতকাল রাত্রে সংশ্লিষ্ট শিক্ষা পরিদপ্তরের পরিচালকের (শেষ পৃঃ দ্রঃ)

### ঠাই নাই ঠাই নাই

( ১ম পৃঃ পর )

(মাধ্যমিক শিক্ষা) সহিত যোগাযোগ করা হইলে তিনি জানান, স্কুলগুলির মোট ৩ হাজার ২ শত ৯০টি শূন্য আসনে ভর্তিচ্ছু প্রার্থী ছিল ১৪ হাজার ১শত ৪৮। ভর্তি পরীক্ষার সময় ৩ শত ১১ জন প্রার্থী অনুপস্থিত ছিল বলিয়া জানা যায়। শূন্য আসনের মধ্যে ১ হাজার ৬ শত ৩৪টি ছাত্রদের এবং ১ হাজার ৬ শত ৫৬টি ছাত্রীদের। ভর্তিচ্ছু ছাত্র ও ছাত্রীদের আলাদা তালিকা এখনও পাওয়া যায় নাই। ভর্তি পরীক্ষার ফল আগামী ২৪শে জানুয়ারী প্রকাশিত হইবে। ৩১শে জানুয়ারীর মধ্যে খালি আসনের ভর্তি সম্পন্ন করা হইবে। তিনি আরও জানান, নূতন বর্ষের ক্লাস ইতিমধ্যে চলিতে শুরু করিয়াছে। ভর্তি পরীক্ষার ফলাফল অনুযায়ী মেধা তালিকা তৈরী করিয়া খালি আসনগুলি পূরণ করা হইবে।

সরকারী ল্যাবরেটরী হাইস্কুলের প্রথম শ্রেণীতে আশি ও ষষ্ঠ শ্রেণীতে ২৮টি আসন শূন্য রহিয়াছে। আর অন্য সকল ক্লাসের প্রতিটিতে ১৮ হইতে ২০ জন পর্যন্ত বাড়তি ছাত্র রহিয়াছে। প্রভাব-প্রতিপত্তি চাপের মুখে এই সকল বাড়তি ছাত্র নিতে বাধ্য হইয়াছে স্কুল কর্তৃপক্ষ। কিন্তু স্কুলের জন্য এই বাড়তি ছাত্রের সকল সুবিধা নিশ্চিত করা সঙ্কটজনক হইয়া পড়িয়াছে।

সরকারী তথ্যবিবরণীতে বলা হয়, শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম মহানগরীর সরকারী স্কুলসমূহের ভর্তি পরীক্ষা দেখার জন্য গতকাল (রবিবার) শেরে বাংলা নগর সরকারী বালক বিদ্যালয়, শেরেবাংলা নগর সরকারী বালিকা বিদ্যালয়, ধানমণ্ডি সরকারী বালক বিদ্যালয়, বিজ্ঞান কলেজ সংলগ্ন উচ্চ বিদ্যালয় এবং তেজগাঁও পলিটেকনিক উচ্চ বিদ্যালয় পরিদর্শন করেন।